



ফোন নং-৭৬১৪৬৬

# ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ

The Institution of Engineers, Bangladesh

KHULNA CENTRE

স্মারক নং-আইইবিখুলনা/কেডিএএল/২০২০/২৭

তারিখঃ-২৪/০২/২০২০ ইং ।

## “প্রেস বিজ্ঞপ্তি”

“কেডিএ কর্তৃক ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি) খুলনা কেন্দ্রের জন্য বরাদ্দকৃত এম এ বারী সড়ক (আউটার বাইপাস রোড ২য় পর্যায়) পার্শ্বস্থ বাণিজ্যিক-কাম-আবাসিক এলাকার ১৬.৩২ কাঠা বিশিষ্ট ২৩৫ নং প্লট রেজিস্ট্রেশন উপলক্ষে আইইবি চত্বরে প্রকৌশলীদের সমাবেশ ও আনন্দ উৎসব উদযাপন অনুষ্ঠান”

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি) খুলনা কেন্দ্রের প্রকৌশলীদের দীর্ঘদিনের প্রত্যাশিত খুলনা শহরের প্রাণ কেন্দ্রে আধুনিক দৃষ্টিনন্দন ভবন নির্মাণের লক্ষ্যে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) এর এম এ বারী সড়ক পার্শ্বস্থ বাণিজ্যিক-কাম-আবাসিক এলাকায় ১৬.৩২ কাঠা বিশিষ্ট ২৩৫ নং প্লটটি ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি) খুলনা কেন্দ্রের জন্য পুনঃবরাদ্দ নিয়ে গত ১৫ জানুয়ারী ২০২০ ইং তারিখে আইইবি খুলনা কেন্দ্রের মাননীয় চেয়ারম্যান প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন, সম্মানী সম্পাদক প্রফেসর ড. প্রকৌশলী সোবহান মিয়া ও কেন্দ্রীয় কাউন্সিল সদস্য প্রকৌশলী মোঃ আব্দুল্লাহ পাইঞ্জ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) এর চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল মুকিম সরকার, পিবিজিএম, এনডিসি, পিএসসি এর হাতে সর্বশেষ চেক হস্তান্তরের মাধ্যমে সুদাসলসহ প্লটটির সম্পূর্ণ বকেয়া টাকা পরিশোধ করা হয়েছে। ১৭ ফেব্রুয়ারী ২০২০ ইং তারিখে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) উল্লিখিত প্লটটি আইইবি খুলনা কেন্দ্রের নেতৃত্বের নিকট হস্তান্তর করেন। ২৪ ফেব্রুয়ারী-২০২০ ইং তারিখে আইইবি'র প্রেসিডেন্ট প্রকৌশলী মোঃ আবদুস সবুর, ভাইস-প্রেসিডেন্ট প্রকৌশলী মোঃ নুরুজ্জামান, সম্মানী সাধারণ সম্পাদক প্রকৌশলী খন্দকার মনজুর মোর্শেদসহ অন্যান্য কেন্দ্রীয় নেতৃত্ব ও অত্র কেন্দ্রের চেয়ারম্যান প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন, ভাইস-চেয়ারম্যান প্রকৌশলী এম.ডি. কামাল উদ্দিন আহমেদ, সম্মানী সম্পাদক প্রফেসর ড. প্রকৌশলী সোবহান মিয়া, কেন্দ্রীয় কাউন্সিল সদস্য প্রকৌশলী মোঃ আব্দুল্লাহ পাইঞ্জ ও স্থানীয় কাউন্সিল সদস্যবৃন্দের উপস্থিতিতে উক্ত জমির রেজিস্ট্রী কাজ সম্পন্ন হওয়ার মাধ্যমে খুলনা কেন্দ্রের প্রকৌশলীদের দীর্ঘ দিনের লালিত ও কাঙ্ক্ষিত স্বপ্ন পূরণ হয়েছে। এ উপলক্ষে খালিশপুরস্থ আইইবি চত্বরে প্রকৌশলীদের এক সমাবেশ ও আনন্দ উৎসব এবং মধ্যাহ্ন ভোজের আয়োজন করা হয়। প্রায় তিন শতাধিক প্রকৌশলী এ অনুষ্ঠানে অংশ গ্রহন করে অনুষ্ঠানকে সফল ও স্বার্থক করে তোলেন এবং তাঁরা একে অপরের মধ্যে কুশল বিনিময় করেন। জমির টাকা পরিশোধের ক্ষেত্রে কেন্দ্রীয় নেতৃত্বের ছমিকার ছয়সী প্রসংশা করে বক্তব্য রাখেন অত্র কেন্দ্রের মাননীয় চেয়ারম্যান প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন ও সম্মানী সম্পাদক প্রফেসর ড. প্রকৌশলী সোবহান মিয়া। তাঁরা নূতন জায়গায় নূতন স্থাপনা নির্মাণের লক্ষ্যে আর্থিক ও বৈষয়িক সহায়তা প্রদানের জন্য সমবেত প্রকৌশলীদের প্রতি আহবান জানান। সবশেষে চেয়ারম্যান মহোদয় উপস্থিত সকলের সুস্বাস্থ্য কামনা করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

  
28.02.2020

প্রফেসর ড. প্রকৌশলী সোবহান মিয়া, এফ-১১১৪৮

সম্মানী সম্পাদক

আইইবি খুলনা কেন্দ্র

মোবাঃ ০১৭১১-৯৫১৪০০ ।

Email-smia@me.kuet.ac.bd

Email-iebkulna@gmail.com